গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশল অধিদপ্তর
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-

তারিখ ঃ ২৫ আষাঢ় ১৪৩০ / ০৯ জুলাই ২০২৩

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১১ জুলাই ২০২৩ খ্রি. তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আব্দুল লতিফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সম্পর্কিত সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

(আসিফ ইকবাল রাজীব)
উপজেলা প্রকৌশলী
ও সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

.................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

পরিশিষ্ট- "ক"

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখঃ ১১/০৭/২০২৬

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল লতিফ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ হারুন অর রশীদ | চেয়ারম্যান<br>ফুলবাড়ী সদর ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ শরীফুল আলম মিয়া | চেয়ারম্যান<br>শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ নাসির উদ্দিন | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | আসিফ ইকবাল রাজীব | উপজেলা প্রকৌশলী<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | ১১/৭/২৬ |

উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ আব্দুল লতিফ<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ১১ জুলাই ২০২৩ খ্রি.

স্থান ঃ উপজেলা প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ০৩.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী পাঠ করে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী ও সদস্য-সচিব, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটিকে আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয়-১ ঃ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত সার্বিক বিষয় নিয়ে আলোচনা | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সীমানা প্রাচীর ও এন্ট্রি গেট নির্মাণ করার জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর স্মারক নং- ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৪৫.২০১৪-৩৪৮, তারিখ ২৫/০৩/২০১৫ মূলে =১,০৩,১২,৫৬৩/- টাকার প্রাক্কলন অনুমোদন পাওয়া যায়। কিন্তু উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কোন কাজ করা হয়নি। ফলে উপজেলা পরিষদ কমপ্লেক্সের পশ্চিম দিকের সম্পূর্ণ অংশে সীমানা প্রাচীর ও গেট না থাকায় উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব না হওয়ায় গত ২০২২-২০২৩ অর্থ বছরে সীমানা প্রাচীর ও গেট নির্মাণ করার জন্য প্রাচীর ও মুল গেটের সংশোধিত প্রাক্কলন ব্যয় যথাক্রমে ৪০,০৭,০৯৮/- ও ২২,৯০,২৩৩/- প্রস্তুত করে আংশিক কাজ বাস্তবায়ন করা হয়েছে। উক্ত আংশিক কাজের অনুকুলে মোট =৬২,৯৫,৯০৩/- মাত্র ব্যয়িত হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী আরও =৪০,১৬,৬৬০/- মাত্র উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করে আরও কিছু কাজ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো। অবশিষ্ট সীমানা প্রাচীর নির্মাণ কাজ জরুরী বিধায় অনুমোদিত প্রাক্কলনের অবশিষ্ট অর্থের মধ্যে প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, OTM পদ্ধতিতে দরপত্র আহবান করা যেতে পারে। এ বিষয়ে আলোচনান্তে OTM পদ্ধতিতে দরপত্র আহবান করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হলো | আলোচনান্তে OTM পদ্ধতিতে দরপত্র আহবান করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাত)

পরিশেষে, সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ আব্দুল লতিফ)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-

তারিখ ঃ ২৮ আষাঢ় ১৪৩০
১২ জুলাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, ...................................... ইউপি, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। জনাব ........................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫। অফিস কপি।

12/07/2023

(আসিফ ইকবাল রাজীব)
উপজেলা প্রকৌশলী
ও সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।